REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

লোহার

কড়ি, বরগা,

এঙ্গেল, করগেট, মটকা, পাটী, বল্টু, প্লেট ও ঢালাই রেলিং, পিলার, পাইপ প্রভৃতি উচিত মূল্যে বিক্রয় করি ও ভিঃ পিঃ তে সত্বর মাল পাঠাই।

রঞ্জন এণ্ড কোং

৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড কলিকাতা

বড়বাজার।

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৸৹ টাকা। নগদ মূল্য ৲০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য ৴০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

১৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ২৫শে ফাল্গুন বুধবার ১৩৩৮ ইংরাজী 9th March 1932 | ৪০শ সংখ্যা


# হিলিংবাম

গত ৩৮ বৎসরের পরীক্ষায় সর্ব্বপ্রকার মেহ রোগের সর্ব্বোৎকৃষ্ট মহৌষধ বলিয়া সমগ্র ভারতবর্ষ ও ভারতবর্ষের বাহিরের দেশ সকলেও পরিচিত, আদৃত ও বহুল পরিমাণে ব্যবহৃত হইতেছে।

**ইহার কারণ হিলিংবামের অসাধারণ উপকারিতা।**

হিলিংবাম ১ মাত্রা হইতে ফল দেখা যায়। একদিনে মেহের জ্বালা যন্ত্রণা আরোগ্য করে। এক সপ্তাহে রোগ আরোগ্য করিয়া নষ্ট স্বাস্থ্য ফিরাইয়া দেয়। স্ত্রী পুরুষ উভয় জাতীয় রোগীকে সম্পূর্ণ আরোগ্য করে।

হিলিংবাম রোগের জড় "গণোকোকাই" নষ্ট করে, তাই হিলিংবামে রোগ সারে, রোগ চাপা পড়ে না বা অল্পদিনে পুনরাক্রমণ করিতে পায় না। এই কারণে অসংখ্য সুপ্রসিদ্ধ ডাক্তার হিলিংবামের পৃষ্ঠপোষক। দুই চার জনের নাম উল্লেখ করা গেল। ইহাদের সকলেরই সুখ্যাতি পত্র আমরা পাইয়াছি। কর্ণেল কে, পি, গুপ্ত আই, এম, এস, এম, ডি, এম, এ; এফ, আর, সি, এস, ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, এম, আর, সি, পি, এম, আর, সি, এস ইত্যাদি। এতদ্ভিন্ন অসংখ্য প্রশংসাপত্র পূর্ণ তালিকা পুস্তক পাঠাই পত্র লিখুন।

মূল্য প্রতি বড় শিশি ৩৲
" " মাঝারি শিশি ২৸৹
" " ছোট শিশি ১৷৹

## স্যাণ্ডো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন গরম আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাণ্ডো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাণ্ডো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত আমবাত সর্দ্দি কাশি সমস্তই স্যাণ্ডো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকাল ব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাণ্ডো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি (১৬ দিনের উপযোগী) ২৲; ৩টী একত্রে ৫৸৹
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন্ এণ্ড কোং
ম্যানুঃ—কেমিষ্টস্।
১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।
টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

গুণে গন্ধে সৌরভসম্পদে
কেশরঞ্জন অদ্বিতীয়।




কে-শ-র-ঞ্জ-ন সৌন্দর্য্য বৃদ্ধি করে।
কে-শ-র-ঞ্জ-ন মুখকে সুন্দর করে।
কে-শ-র-ঞ্জ-ন চুলকে খুব কাল করে।
কে-শ-র-ঞ্জ-ন কেশ পতন বন্ধ করে।
কে-শ-র-ঞ্জ-ন চিন্তাশীলের সহায়।
কে-শ-র-ঞ্জ-ন রমণীর অতি প্রিয়।
কে-শ-র-ঞ্জ-ন শ্রেষ্ঠ প্রেমোপহার।
কে-শ-র-ঞ্জ-ন সবারই নিত্য প্রয়োজন

মূল্য প্রতি শিশি এক টাকা ডাক ব্যয় সাত আনা।

কলেরায় নিরাপদ হইতে হইলে




কর্পূরারিষ্ট ঘর কারয়া রাখা উচিত।

মূল্য আট আনা মাত্র | ডাক ব্যয় স্বতন্ত্র।

কবিরাজ নগেন্দ্রনাথ সেন এণ্ড কোং লিঃ
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড কলিকাতা।
ম্যানেজিং ডিরেক্টার—কবিরাজ শ্রীশক্তিপদ সেন।

## ছাদের জন্য
# লোহার কড়ি

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি
উচিত মূল্যে বিক্রয় করি।
সত্বর দরের জন্য
পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং**
প্রোঃ শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
৬৭।৪ নং ষ্ট্রাণ্ড রোড, বড়বাজার,
কলিকাতা।



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

২৫শে ফাল্গুন বুধবার ১৩৩৮ সাল।


### ভূমিকম্প।

ধুবড়ীতে ১৯৩০ সালের জুলাই মাস হইতে গত ১৫ই ফেব্রুয়ারী পর্য্যন্ত ৫০১ বার ভূমিকম্প হইয়াছে।

### মেডিক্যাল কনফারেন্স।

আগামী ইষ্টারের ছুটিতে কলিকাতার নিখিল ভারত মেডিক্যাল কন্‌ফারেন্সের অষ্টম অধিবেশন হইবে।

### ডাকাইতি।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রশ্নের উত্তরে মিঃ প্রেণ্টিস জানাইয়াছেন যে বাংলা দেশে ১৯৩১ সালের প্রথমার্দ্ধে ১৪৪৯ এবং শেষার্দ্ধে ৬৭৫ টা ডাকাইতি হইয়াছে।

### লটারী।

ত্রিপুরায় প্রতি বৎসর একটী চ্যারিটী লটারী খেলা হইয়া থাকে। এই লটারীর টিকিট এ বৎসর অনেক ব্যক্তি ক্রয় করিয়াছিলেন। সম্প্রতি ইহার ফলাফল প্রকাশিত হইয়াছে। কলিকাতার খিদিরপুরস্থ ৮২নং পাইপ রোডের শ্রীযুক্ত হরেন্দ্রকুমার বন্দ্যোপাধ্যায় এই বৎসর প্রথম পুরস্কার স্বরূপ এক লক্ষ টাকা পাইয়াছেন।

### বাল্যবিবাহে বাধা।

চুঁচুড়ার অন্তর্গত মাধবতলায় ১০ বৎসর বয়স্ক একটী বালকের সহিত একটী ৭ বৎসর বয়স্কা বালিকার বিবাহের উদ্যোগ করা হইয়াছিল। পুলিশ সংবাদ পাইয়া বিবাহে বাধা দিয়াছে।

### ভোটদাতার সংখ্যা।

বাঙ্গালা দেশে হিন্দু অপেক্ষা মুসলমানের সংখ্যা বেশী। কিন্তু ব্যবস্থাপক সভায় ভোটদাতাগণের তালিকায় দেখা যায় যে, অমুসলমান ভোট দাতাগণের সংখ্যা ৬,৭৯,০৮৮ ও মুসলমান ভোটদাতাগণের সংখ্যা ৬,৩৭,৪৪৪ জন।

### সরকারী পেন্‌সন্ ঘোষণা।

গত ৩১শে ডিসেম্বর কলিকাতা ৫২নং গৌরীবাড়ী লেনে আশুতোষ নিয়োগী খুন হইয়াছিলেন। সরকার তাঁহার পরিবারবর্গের জন্য পেন্সনাদির ব্যবস্থা করিয়া দিয়াছেন।

### ব্যারিষ্টারের বিপত্তি।

ব্যারিষ্টার মিঃ সজনীরঞ্জন বন্দ্যোপাধ্যায় কলেজ ষ্ট্রীটে ফ্রেণ্ডস সোসাইটী কোম্পানীর রিসিভার ছিলেন। তিনি ৫৩ হাজার টাকা হজম করিয়াছেন বলিয়া আলিপুর পুলিশ কোর্টে অভিযুক্ত হইয়াছেন।

### শিল্পীর প্রত্যাগমন।

কলিকাতা গভর্ণমেণ্ট আর্ট স্কুলের প্রিন্সিপাল মুকুলচন্দ্র দে'র কনিষ্ঠ ভ্রাতা শিল্পী মনীষি দে মাদ্রাজ, বোম্বাই, সিংহল কাশ্মীর প্রভৃতি ভ্রমণ করিয়া সম্প্রতি কলিকাতায় ফিরিয়া আসিয়াছেন। তিনি আবার চীন ও জাপান ভ্রমণে যাইবেন।

### জল হইতে উদ্ধার।

একটী ২০ বৎসরের বালিকা কলিকাতা হেদুয়ায় হঠাৎ জলে পড়িয়া গিয়া ডুবিয়া গিয়াছিল। দরোয়ান দূর হইতে তাহা দেখিয়া অজ্ঞান অবস্থায় বালিকাকে জল হইতে উদ্ধার করিয়াছে।

### ডাকাত গ্রেপ্তার।

বানোয়ারীবাদ হাই স্কুলের হেড মাষ্টার শিবদাস ভট্টাচার্য্য ও তাঁহার পুত্র সম্প্রতি একজন ডাকাত ধরিয়াছেন। ডাকাতদল তাঁহার বাড়ীর পাশে এক কায়স্থের বাটীতে ডাকাতি করিয়া ৪ হাজার টাকা লইয়া পলাইবার সময় শিবদাস বাবু লাঠি লইয়া আক্রমণ করিয়া একজনকে ধরিয়াছেন। সে জাতিতে গোয়ালা।

### মহারাজার দান।

লালগোলার দানবীর মহারাজা রাও যোগীন্দ্রনারায়ণ রায় সি, আই, ই, মহোদয় বহরমপুর সদর হাসপাতালে রঞ্জনরশ্মি গৃহ প্রভৃতির জন্য ৪৫০০০ হাজার টাকা দান করিয়াছেন। রঞ্জনরশ্মি গৃহ নির্ম্মাণ কার্য্য প্রায় শেষ হইয়াছে।

### কাঙ্গালী ভোজন।

খাগড়ার দোকানদারগণের বারোয়ারী শিবপূজা উপলক্ষে গত রবি ও সোমবার বহু কাঙ্গালীকে ভোজন করান হইয়াছিল। দোকানদারগণের এই কার্য্য প্রশংসনীয়।

### পদব্রাজক দুর্গাপদ।

ভাটপাড়ার শ্রীযুক্ত দুর্গাপদ ভট্টাচার্য্য মহাশয় আজ প্রায় ১৪ মাস যাবৎ পদব্রজে ভারত ভ্রমণে প্রবৃত্ত হইয়াছেন। ইনি গত ১১ই ফেব্রুয়ারী কাথিয়াবারের অন্তর্ভুক্ত পোরবন্দর (সুদামাপুরী) নামক স্থানে পৌছিয়াছেন। তাঁহার স্বাস্থ্য বেশ ভালই আছে।

### সমস্ত সঞ্চয় দান।

বারাণসী হিন্দু বিশ্ববিদ্যালয়ের অবৈতনিক অধ্যাপক শ্রীযুত এস, সি, দে, তাঁহার জীবনের সমস্ত সঞ্চয় বারাণসী হিন্দু বিশ্ববিদ্যালয়ে দান করিয়াছেন। তিনি কিছুকাল ইহার রেজিষ্ট্রারও ছিলেন। দানের পরিমাণ ৫৭ হাজার টাকার অধিক। গত ১১ই তারিখে পণ্ডিত শ্রীযুত মদন মোহন মালব্যের জন্মদিনোৎসবে এই দানের কথা ঘোষিত হইয়াছে।

### গঙ্গার নীচে সুড়ঙ্গ।

গঙ্গার নিম্ন দিয়া কলিকাতা হইতে হাওড়া পর্য্যন্ত একটী ট্যানেল নির্ম্মাণের জন্য কলিকাতা ইলেকট্রিক্ সাপ্লাই করপোরেশন দুই বৎসর পূর্ব্বে কার্য্যারম্ভ করিয়াছিলেন এতদিনে ঐ কাজ শেষ হইয়া আসিয়াছে এখনও ট্যানেলের মধ্যে কতকগুলি লোহার কাজ বাকী আছে। আগামী ৪ মাসের মধ্যে উহা শেষ হইয়া যাইবে। এই ট্যানেলটীর ব্যাস ৬ ফিট, দৈর্ঘ্য ১০৪ ফিট; ভূপৃষ্ঠের ১০৫ ফিট ও নদী গর্ভের ৪৫ ফিট নিম্নভাগে উহা নির্ম্মিত হইয়াছে।

### মহিলা ম্যাজিষ্ট্রেট।

কুমারী জে, এফ, ম্যাক্‌ফর্লেন, শ্রীমতী জে, কে, এল, কামা এবং শ্রীমতী সুমতি বাঈ দেও নাগপুরের দ্বিতীয় শ্রেণীর ম্যাজিষ্ট্রেট নিযুক্ত হইয়াছেন। বাঙ্গালা দেশের কোন মহিলাকে এ পর্য্যন্ত অবৈতনিক ম্যাজিষ্ট্রেটের পদে নিযুক্ত করা হয় নাই।

### জেলের মধ্যে ৩৫ বৎসর।

আবদুল রহমান নামক একজন পুরাতন পাপী তাহার জীবনের ৩৫ বৎসর কাল জেলে অতিবাহিত করিয়াছে। সম্প্রতি কলিকাতার প্রেসিডেন্সী জেলের জেলারের গুদাম হইতে তাঁহার কিছু জিনিসপত্র চুরি করায় আবদুলের প্রতি পুনরায় ২ বৎসরের কারাদণ্ডের আদেশ দেওয়া হইয়াছে। নীলাম্বর দাস নামে তাহার এক সহকর্ম্মী ও পুরাতন পাপীর প্রতি ৬ মাস কারাদণ্ডের আদেশ হইয়াছে।

### হজযাত্রীগণের দ্রষ্টব্য।

ভারত গভর্ণমেণ্ট অবগত হইয়াছেন—হেজাজ গভর্ণমেণ্ট হজযাত্রীগণের সুবিধার জন্য অর্থ ও জিনিস পত্রাদি তাঁহাদের এজেণ্টের নিকট গচ্ছিত রাখিয়া রসিদ পাইবার বন্দোবস্ত করিয়াছেন। এই বিষয় ভারতীয় সকল তীর্থযাত্রীকেই জ্ঞাত করা হইতেছে যে যাঁহারা এইরূপ গচ্ছিত রাখিতে ইচ্ছা করেন তাঁহারা যেন স্বাক্ষরিত রসিদ পরীক্ষা করিয়া লয়েন।

ভারত গভর্ণমেণ্ট অবগত হইয়াছেন যে হেজাজ গভর্ণমেণ্ট স্বর্ণমান অনুসারে তীর্থযাত্রীগণের রাহা খরচ ও গভর্ণমেণ্ট ট্যাক্স ইত্যাদি দিতে হইবে বলিয়া ঘোষণা করিয়াছেন।

ভারতীয় যাত্রীগণের বাড়ী হইতে বন্দর যাতায়াত, ষ্টিমার খরচ, খাবার খরচ ইত্যাদি খরচ সমেত অন্ততঃ ১১০০৲ টাকা ব্যয় হইবে। যাত্রীগণ যেন উপযুক্ত অর্থ লইয়া যাত্রা করেন।

### বঙ্গে চিনির ব্যবহার।

বঙ্গদেশে চিনির ব্যবহার ক্রমেই কমিয়া যাইতেছে এবং তৎস্থানে গুড়ের ব্যবহার বহুল পরিমাণে বৃদ্ধি পাইয়াছে। বাঙ্গালায় বিভিন্ন জেলায় গুড়ের চাহিদা বিশেষ ভাবে বৃদ্ধি পাইয়াছে। এরূপভাবে চাহিদা ক্রমশঃ বৃদ্ধি পাইলে আশা করা যায় বাঙ্গালায় আকের চাষ বাড়িয়া যাইবে এবং কৃষি কুলের রিক্ত হস্তে কিঞ্চিৎ ধনাগম হইবে।

## শেষ চুম্বন।

—০—

কেমনে ভুলিব আমি সে মুখ চন্দ্রমা তোর,
হা পুত্র, হা প্রাণাধিক, রে ভবানীপতি মোর,
দিবানিশি হোঁদলা বলি ডাকিতাম তোরে,
ভবানী উঠরে বলি জাগাতাম ভোরে,
একমাত্র হেতু তার—অন্তিম শয়নে
ভবানী ভবানী বলি ডাকি তোর নাম
লভিবারে পারি যদি দিব্য পরিণাম;
নিয়ত অভ্যাস যোগে নিয়ত সাধনে।
তাতো হলোনা বাপ, তুই আগে গেলি ছেড়ে,
ভবানী বলিয়া আর ডাকিবরে কারে ভোরে?
বড় সাধ ছিল তোর যেতে বৈদ্যনাথ,
পুণ্যধামে ধরণায় করি প্রাণপাত
জুড়াতে রোগের জ্বালা, সে সাধ পূরণ
করিতে পারিনি আমি সে দোষ মার্জ্জন
করিস্ করিস্ ওরে প্রাণের নন্দন।
নিত্য শিবপূজা ফল পেয়েছিরে আমি
তোর রোগারোগ্য তরে ডাকি দিবা যামী
অশিব নাশন শিবে, পূজি মহাকালে
লোকচক্ষু অন্তরালে যাবি কিরে ব'লে?
জবাফুল বিল্বদলে মাখি আঁখিজলে
তোর তরে দিব মায় চরণ-কমলে
সে সাধ পূরণ মোর হলোনা জীবনে
পূর্ণাহুতি দিনু তোরে চিতার আগুনে।
পরপুত্র হন্তা আমি, দৈবের কি দোষ,
দৈব ও পুরুষকারে সকলি সন্তোষ
দিতে পারে যদি থাকে প্রাক্তনের ফল
বুঝিলাম অন্যথায় সকলি বিফল।
বৈদ্যনাথ বৈদ্যনাথ, বটুক ভৈরবে,
ডাকি যবে গেলে ছাড়ি এ অনিত্য ভবে
তোর শিরে শিবে রাখি করিয়াছি শেষ
পিতৃকার্য্য করিয়াছি করেছি নিঃশেষ।
কঠোর কর্ত্তব্য তরে কত যে কি তিরস্কার
করেছিরে বাপ তোরে অনুতাপে জ্বলি তার,
তারই তরে বুঝি বাছা করি অভিমান
কিছুই না খেয়ে তুমি ত্যজিলে পরাণ।
ভবানীরে! তুই ত চলিলি বাপ চিরানন্দধামে
শিবানীর কি যে দশা হবে পরিণামে
হায়রে অনিত্য ধনে, নিত্য ভাবি মনে
আমারও যে কিবা দশা দেখ বন্ধুগণে।
সদা মনে করি আমি ব্রহ্মময়ি মাকে স্মরি
তোর মুখ ভুলে যায়, সব জ্বালা পরিহরি
তাওতো হয় না বাপ; তোরি মুখ মনে পড়ে
ইহকাল পরকাল বাছা গেল মোর তোর তরে
তু যেমন দাগা দিলি আমাকেরে ছেড়ে গেলি
তোর পুত্ররূপে যদি আমি পুনঃ এই ভবে
দাগা দিতে পুনঃ তোরে পারি কোন কালে তবে
মিটিবে মনের সাধ মিটিবে মনের জ্বালা
পুত্রশোক কিযে ব্যথা তবে তু বুঝবি হোঁদলা
ভুলারে ভুলারে বাপ সে মুখ চন্দ্রমা তোর
লহরে লহরে বাপ, শেষের চুম্বন মোর।

পুত্রশোকাতুর পিতা।

মহারাজা, রাজা, উচ্চ রাজকর্ম্মচারী ও অভিজ্ঞ
ডাক্তারগণ কর্ত্তৃক উচ্চ প্রশংসিত

**সোণামুখী তৈল**

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট মূল্য প্রতি শিশি
৸৹ বার আনা।

**বাতের তৈল**

সর্ব্বপ্রকার বাতরোগে ফলপ্রদ।
মূল্য ৪ আঃ শিশি ১।৴৹ এক টাকা পাঁচ আনা

কবিরাজ—
শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী (বিশ্বাস) কবিরত্ন
সোণামুখী অফিস,
মণিগ্রাম পোঃ, (মুর্শিদাবাদ।)



প্রমাণ

"সর্ব্বপ্রকার রক্তদুষ্টি পীড়ায় 'সুরবল্লী কষায়' ব্যবহারে, সন্তোষজনক ফল লাভ করা যায়।"
সিভিল সার্জ্জন ডাঃ এ, এ, ফার্ম্মি... L. R. C. P. & S.

"আমি 'সুরবল্লী কষায়ে'র শোণিতশোধকতা গুণের বিষয় বিশেষরূপে অবগত হইয়াছি।"
ডাঃ বি, কে, বসু, M. D., I. M. S.

**রক্তে দূষিত বীজাণু!**

অনেকের মতে রক্ত সঞ্চালন ক্রিয়ার বৈলক্ষণ্য হেতু চর্ম্মরোগ হইয়া থাকে। রক্তে দূষিত জীবাণু ইহার প্রধান কারণ।

বহু পরীক্ষার সাফল্য ও বিক্রয়াধিক্যই সুরবল্লী কষায়ের শোণিত-শোধন-গুণ সম্বন্ধে আমাদের বিশ্বাস অক্ষুণ্ণ রাখিয়াছে।

আপনিও প্রত্যক্ষ করুন!


**সুরবল্লী**
কষায়।

দূষিত রক্ত পরিস্কার করে—
স্নায়বিক দৌর্ব্বল্য দূর করে।

আট আউন্স
শিশিতে ১৷৹
টাকায় বড় বড়
ডাক্তারখানায়
পাওয়া যায়।

সি, কে, সেন
এণ্ড কোং লিঃ,
২৯, কলুটোলা ষ্ট্রীট,
কলিকাতা।

স্থানীয় এজেন্টঃ
দেশবন্ধু ফার্ম্মেসী,
খাগড়া,
মুর্শিদাবাদ।



শিশুদিগের কোমল চর্ম্মে
নিরাপদে ব্যবহার
করা যায়।

ত্বকের স্বাস্থ্য ও সৌন্দর্য্য
সংরক্ষণের অভিনব
প্রসাধন দ্রব্য

**রেডিয়ম স্নো**

ত্বকের উপর অদৃশ্যভাবে অতি সূক্ষ্ম আবরণরূপে লাগিয়া থাকে। গ্রীষ্ম-জনিত কষ্ট এবং চর্ম্মরোগ হইতে দেহকে রক্ষা করে।

স্বনামধন্যা শ্রীমতী সরলা দেবী বলেন:—রেডিয়ম স্নো দেখিতে সুন্দর, ঘ্রাণে সুগন্ধি ও স্পর্শে কোমল। ইহার আকার প্রকারের সৌষ্ঠব বিলাতীর সমতুল। দেশী কার-খানায় দেশী লোকের দ্বারা প্রস্তুত হইতেছে—না জানিলে ইহাকে একটী শ্রেষ্ঠ বিলাতী বস্তু বলিয়া ভ্রম হইতে পারে।

(স্বাঃ) শ্রীসরলা দেবী।

প্রস্তুতকারক—
রেডিয়ম ল্যাবরেটরী
কলিকাতা।
ফোন—৩০৬২ বি, বি।

সোল এজেন্টস্—
বসাক ফ্যাক্টরী
৩নং ব্রজদুলাল ষ্ট্রীট, কলিকাতা
ফোন—২১৮৩ বড়বাজার।

সব দোকানে পাওয়া যায়।

